# 128650 - কুরআন পড়ার উদ্দেশ্য হচ্ছে অনুধাবন ও আমল

প্রশ্ন

কেউ ভালো তেলাওয়াত করতে পারেন; আলহামদু লিল্লাহ্। তাই তার ক্ষেত্রে কুরআন শরীফ থেকে বেশি বেশি তেলাওয়াত করা উত্তম; নাকি ক্যাসেট প্লেয়ারে কোন কোন একজন ক্বারীর তেলাওয়াত শুনা উত্তম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

উত্তম হলো তার অন্তরের জন্য যেটি অধিক উপযোগী ও অধিক প্রভাব তৈরীকারী সেটার উপর আমল করা; তেলাওয়াত কিংবা শ্রবণ। কেননা তেলাওয়াতের মূলউদ্দেশ্য হচ্ছে অনুধাবন, অর্থ বুঝা ও আল্লাহ্‌র কিতাব যে নির্দেশনা দিচ্ছে সেটার উপর আমল করা। আল্লাহ্ তাআলা বলেন: “এক মুবারক কিতাব, এটা আমরা আপনার প্রতি নাযিল করেছি; যাতে মানুষ এর আয়াতসমূহ অনুধাবন করে এবং যাতে বোধশক্তিসম্পন্ন ব্যক্তিরা উপদেশ গ্রহণ করে।”।[সূরা সাদ, আয়াত: ২৯] আল্লাহ্ তাআলা আরও বলেন: ‘নিশ্চয়ই এ কুরআন হেদায়াত করে সে পথের দিকে যা সরল।’[সূরা বনী ইসরাঈল, আয়াত: ৯] তিনি আরও বলেন: “এটি মুমিনদের জন্য হেদায়াত ও আরোগ্য।” ।[সূরা ফুসসিলাত, আয়াত: ৪৪][সমাপ্ত]

মাজমুউ ফাতাওয়া বিন বায (২৪/৩৬৩)]